# লেবু (Lemon)

## মাটিঃ

লেবু হালকা দোআঁশ ও নিষ্কাশন সম্পন্ন মধ্যম অম্লীয় মাটিতে ভাল হয়।

## মাদা তৈরীঃ

চারা রোপণ করার ১৫-২০ দিন পূর্বে ২.৫ × ২.৫ বা ৩×৩  মিটার দূরত্বে ৬০×৬০×৬০ সেমি আকারের গর্ত করতে হবে। গর্তের উপরের মাটির সাথে ১০-১৫ কেজি জৈব সার, ২০০ গ্রাম টিএসপি ও ২০০ গ্রাম এমওপি সার ভালভাবে মিশিয়ে গর্ত ভরাট করে তাতে পানি দিতে হবে। এই হিসেবে প্রতি হেক্টর জমিতে ১১১১-১৬০০ টি চারা দরকার হয়।

## রোপণ পদ্ধতিঃ

লেবুর চারা সারি করে বা বর্গাকার প্রণালীতে লাগালে বাগানে আন্তঃপরিচর্যা ও ফল সংগ্রহ সহজ হয়। পাহাড়ী ঢালু জমিতে আড়াআড়ি ভাবে লাইন বা সারি করে চারা লাগালে মাটি ক্ষয় কম হয়।

## রোপণের সময়ঃ

মে থেকে অক্টোবর মাস পর্যন্ত চারা লাগানোর উত্তম সময় তবে যদি সেচ সুবিধা থাকে তাহলে সারা বছরই চারা লাগানো যায়।

## চারা/কলম রোপণ ও পরিচর্যাঃ

মাদা তৈরী করার ১৫-২০ দিন পর চারা বা কলম লাগাতে হয়। চারা গর্তের ঠিক মাঝখানে খাড়াভাবে লাগাতে হবে এবং চারার চারিদিকের মাটি হাত দিয়ে চেপে ভালভাবে বসিয়ে দিতে হবে। তারপর চারাটি খুঁটির সাথে বেঁধে দিতে হবে এবং চারার গোড়ায় ঝাঝড়ি দিয়ে পানি দিতে হবে। প্রয়োজনে প্রতিটি চারায় পৃথকভাবে বেড়ার ব্যবস্থা করতে হবে।

## গাছে সার প্রয়োগঃ

চারা লাগানোর পর ভাল ফলন পেতে হলে নিয়মিতভাবে সময় মত সার প্রয়োগ করতে হবে । নিম্নে বয়স অনুপাতে গাছপ্রতি সারের পরিমাণ দেওয়া হল ।

| গাছের বয়স (বছর) | সারের নাম ও পরিমাণ | | | |
|---|---|---|---|---|
| | পচা গোবর (কেজি) | ইউরিয়া (গ্রাম) | টিএসপি (গ্রাম) | এমওপি (গ্রাম) |
| ১-২ | ১৫ | ২০০ | ২০০ | ২০০ |
| ৩-৫ | ২০ | ৪০০ | ৩০০ | ৩০০ |
| ৬ এবং তদুর্ধ | ২৫ | ৫০০ | ৪০০ | ৪০০ |

## সার প্রয়োগ পদ্ধতিঃ

উল্লিখিত সার সমান তিন কিস্তিতে গাছের গোড়া হতে কিছু দূরে ছিটিয়ে কোদাল দ্বারা কুপিয়ে বা চাষ দিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। পাহাড়ের ঢালে ডিবলিং পদ্ধতি অনুসরণ করতে হবে। প্রথম কিস্তি বর্ষার প্রারম্ভে (বৈশাখ-জ্যৈষ্ঠ), দ্বিতীয় কিস্তি মধ্য-ভাদ্র থেকে মধ্য-কার্তিক (সেপ্টেম্বর-অক্টোবর) মাসে এবং তৃতীয় কিস্তি মাঘ-ফাল্গুন (ফেব্রুয়ারি) মাসে প্রয়োগ করতে হবে।

## অঙ্গ ছাটাইঃ

গাছের গোড়ার দিকে জল- শোষক শাখা বের হলেই কেটে ফেলতে হবে। এছাড়া গাছের ভিতরের দিকে যে সব ডালপালা সূর্যালোক পায়না সেসব দুর্বল ও রোগাক্রান্ত শাখা প্রশাখা নিয়মিত ছাঁটাই করে দিতে হবে। মধ্য-ভাদ্র থেকে মধ্য কার্তিক (সেপ্টেম্বর-অক্টোবর) ছাঁটাই করার উপযুক্ত সময়। ছাঁটাই করার পর কর্তিত স্থানে বর্দোপেস্টের প্রলেপ দিতে হবে যাতে ছত্রাক আক্রমন না করতে পারে।

## পানি সেচ ও নিষ্কাশনঃ

খরা মৌসুমে ২-৩ বার সেচ প্রয়োগ করা দরকার। জলাবদ্ধতা সহ্য করতে পারেনা বিধায় বর্ষা মৌসুমে বৃষ্টিপাতের সময় গাছের গোড়ায় যাতে পানি না জমে সেজন্য নালা করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হয়।

## ফসল সংগ্রহঃ

লেবু সবুজ থাকা অবস্থায় সংগ্রহ করলে বাজার মূল্য বেশি পাওয়া যাবে। পেকে গেলে বাজারে চাহিদা কমে যায়। দু'একটি  পাতা সহ ফল সংগ্রহ করলে বেশিদিন সংরক্ষণ করা যায়। জুলাই-আগস্ট এবং ডিসেম্বর- জানুয়ারি মাস সংগ্রহকাল হিসাবে ধরা হয়।